গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০১.২২.০০২.১৮-৫৬

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল পরিচালন নির্দেশিকা, ২০২০।**

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত সারা দেশের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করা প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের লক্ষ্য। বর্তমানে ট্রাস্টের মাধ্যমে শিক্ষার্থীদের উপবৃত্তি, আর্থিক সহায়তা, আর্থিক অনুদান এবং উচ্চ শিক্ষায় ফেলোশিপ ও বৃত্তি প্রদান করা হচ্ছে। ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বরাবর বছরের বিভিন্ন সময়ে শিক্ষার্থীদের আবেদনের ভিত্তিতে আপৎকালীন আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশিকা (guideline) জারি করা হলো:

২। **শিরোনাম:** এ নির্দেশিকা 'ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল পরিচালন নির্দেশিকা, ২০২০' নামে অভিহিত হবে।

৩। **প্রয়োগ ও প্রবর্তন:**

ক) এ নির্দেশিকা জারির তারিখ থেকে কার্যকর হবে; এবং

খ) সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত/অসহায় এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আপৎকালীন আর্থিক সহায়তা প্রদানের জন্য এ নির্দেশিকা প্রযোজ্য হবে।

৪। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকা:

ক) 'জরুরি তহবিল' অর্থ - ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল;

খ) 'দুরারোগ্য ব্যাধি' অর্থ - সহজে আরোগ্য হয় না এমন ব্যাধি;

গ) 'অসহায়' অর্থ - আর্থিক সহায়হীন শিক্ষার্থী;

ঘ) 'দরিদ্র' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীর মধ্যে যাদের পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয় দুইলক্ষ টাকার কম (বেসামরিক চাকুরীজীবী পিতা/মাতা/অভিভাবকের ক্ষেত্রে 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী গ্রেড ১৩ থেকে ২০);

ঙ) 'মেধাবী' অর্থ - পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থী;

চ) 'আর্থিক সহায়তা' অর্থ - এ নির্দেশিকার আওতায় দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ;

ছ) 'বাছাই কমিটি' অর্থ - এ নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি যা বিভিন্ন সময়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করবে ; এবং

জ) 'কর্তৃপক্ষ' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক।

৫। **তহবিল গঠন:**

প্রাথমিক পর্যায়ে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের এফডিআরকৃত অর্থের সুদ/লভ্যাংশের অর্থ থেকে ২ (দুই) কোটি টাকার 'ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল' গঠন করা হবে। পরবর্তীতে সরকারি-বেসরকারি পর্যায় থেকে প্রাপ্ত যে কোনো দান/অনুদানের অর্থ, দানবীর/সমাজ হিতৈষী কোনো ব্যক্তির অনুদান এবং 'ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিলে'র সুদ/লভ্যাংশের অর্থ এ তহবিলে যুক্ত হবে।

৬। **তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা:**

ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের একক স্বাক্ষরে 'ব্যবস্থাপনা পরিচালক-এর জরুরি তহবিল' পরিচালিত হবে। এফডিআরকৃত অর্থের সুদ/লভ্যাংশ থেকে প্রয়োজনের গুরুত্ব বিবেচনায় ১০,০০০ (দশ হাজার) থেকে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যন্ত এককালীন আর্থিক সহায়তা প্রদান করা হবে।

৭। **আর্থিক সহায়তা প্রাপ্তির শর্তাবলি:**

ক) সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত/অসহায় এবং দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী;

খ) প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত/দুস্থ পরিবারের সন্তান এবং অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান ও সন্তানের সন্তান আর্থিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে; এবং

গ) প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তান আপৎকালীন আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে।

